প্রথম আলো

তারিখ 18 FEB 2009
পৃষ্ঠা ... কলাম ...

বাংলাদেশ উন্মুক্ত বিশ্ববিদ্যালয়

পরীক্ষার তারিখ পরিবর্তন ও কেন্দ্র বহাল রাখার দাবি

গাজীপুর প্রতিনিধি ●

বাংলাদেশ উন্মুক্ত বিশ্ববিদ্যালয়ের (বাউবি) বিএ/বিএসএস প্রোগ্রামের পরীক্ষার গত সেমিস্টারের ফল প্রকাশ না করেই ২০ ফেব্রুয়ারি থেকে পরবর্তী সেমিস্টারের পরীক্ষা শুরু করতে যাচ্ছে কর্তৃপক্ষ। বাউবির নতুন নিয়ম অনুযায়ী এখন পরীক্ষার্থীরা আর নিজ নিজ কেন্দ্রে পরীক্ষা দিতে পারবেন না। এ অবস্থায় পরীক্ষার আগেই ফল প্রকাশ এবং আগের মতো নিজ নিজ কেন্দ্রে পরীক্ষা নেওয়ার দাবিতে বাউবি-ছাত্র ঐক্য পরিষদের পক্ষ থেকে গতকাল মঙ্গলবার উপাচার্যের কাছে লিখিত আবেদন করা হয়েছে।

আবেদনে উল্লেখ করা হয়েছে, বিএ/বিএসএস প্রোগ্রামের তিন বছরের কোর্স ছয় বছরেও শেষ না হওয়ায় শিক্ষার্থীরা সেশনজটে পড়েছেন। গত বছরের জুন মাসে এ প্রোগ্রামের ছয়টি সেমিস্টারের শিক্ষার্থীদের পরীক্ষা হয়েছিল। কিন্তু কর্তৃপক্ষ আট মাসেও ফল প্রকাশ করেনি। এর মধ্যেই পরীক্ষার তারিখ ঘোষণা করায় শিক্ষার্থীরা হয়রানির শিকার হবেন। পাশাপাশি গত জুনের পরীক্ষায় কোনো পরীক্ষার্থী একটি বা একাধিক বিষয়ে অকৃতকার্য হলে তাঁর কী হবে, সে বিষয়েও সমস্যা দেখা দিয়েছে। বিশ্ববিদ্যালয়ের নিয়মানুযায়ী অকৃতকার্য শিক্ষার্থীরা পরবর্তী পরীক্ষায় পুনঃ রেজিস্ট্রেশন করে অংশ নিতে পারেন। কিন্তু গত আট মাসেও আগের পরীক্ষার ফল প্রকাশ করা হয়নি। এ অবস্থায় তাঁরা দ্রুত পরীক্ষার প্রকাশ ও অকৃতকার্য শিক্ষার্থীদের পুনঃ রেজিস্ট্রেশনের সময় দিয়ে নতুন করে পরীক্ষার সময়সূচি ঘোষণা করার দাবি জানিয়েছেন।

শিক্ষার্থীরা জানান, বিএ/বিএসএস শ্রেণীর শিক্ষার্থীরা এর আগে নিজ নিজ কেন্দ্রে পরীক্ষা দিতেন। কিন্তু কোনো কারণ ছাড়াই কর্তৃপক্ষ ইচ্ছেমতো কেন্দ্র পরিবর্তনের ঘোষণা দিয়েছে।

বাউবির পরীক্ষা নিয়ন্ত্রক (অতিরিক্ত দায়িত্ব) অধ্যাপক ড. মো. সফিউল আলম বলেন, গত সেমিস্টারের ফলাফল ২০ ফেব্রুয়ারির পর যেকোনো দিন প্রকাশিত হবে এবং ওই পরীক্ষায় অকৃতকার্যরা নভেম্বরে পরীক্ষায় অংশ নিতে পারবেন। কেন্দ্র পরিবর্তনের বিষয়ে তিনি বলেন, একই শহরে একাধিক কেন্দ্র থাকলে শিক্ষার্থীদের আন্তর্বিনিময় করা হচ্ছে। তিনি দাবি করেন, পরীক্ষা শুরুর অনেক আগেই কেন্দ্র পরিবর্তনের নোটিশ সংশ্লিষ্ট অফিসগুলোর মাধ্যমে শিক্ষার্থীদের জানিয়েছেন।

উপাচার্য অধ্যাপক ড. আমিনুর রশীদের সঙ্গে যোগাযোগের চেষ্টা করেও তাঁকে পাওয়া যায়নি।